গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বকশীগঞ্জ, জামালপুর।
www.bokshiganj.jamalpur.gov.bd

**অক্টোবর/২০২৩ খ্রি. মাসে অনুষ্ঠিত বকশীগঞ্জ উপজেলার মাসিক রাজস্ব সভার কার্যবিবরণী ঃ**

সম্মেলনের তারিখ ঃ ২৯-১০-২০২৩ খ্রি.
সময় ঃ বিকাল ৩.৩০ ঘটিকা
সম্মেলনের স্থান ঃ উপজেলা পরিষদের সভাকক্ষ।
সভাপতি ঃ অহনা জিন্নাত
উপজেলা নির্বাহী অফিসার
বকশীগঞ্জ, জামালপুর।

উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য সহকারী কমিশনার (ভূমি) বকশীগঞ্জ কে নির্দেশ প্রদান করেন। তিনি আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ঃ (১) বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ**
বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে উপস্থিত সদস্যবৃন্দ কোন আপত্তি উপস্থাপন করেননি।
**সিদ্ধান্ত ঃ** বিগত সভার কার্যবিবরণী যথাযথ বিবেচনায় তা দৃঢ়ীকরণ করা হয়।
**আলোচ্য বিষয় ঃ ২** ভূমি উন্নয়ন করের দাবী ও আদায়ের অগ্রগতি পর্যালোচনা।
অত্র বকশীগঞ্জ উপজেলা ভূমি অফিসের নিয়ন্ত্রনাধীন ০৭টি ভূমি অফিসের ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা এর নিকট হতে প্রাপ্ত ২০২৩-২০২৪ অর্থ বৎসরের **অক্টোবর**/২০২৩ মাসের ইউনিয়ন ওয়ারী ভূমি উন্নয়ন কর আদায় সংক্রান্ত প্রতিবেদন নিম্নরুপ ঃ

**সাধারন দাবী ও আদায় ঃ**

| ক্রমিক নং | ইউনিয়ন ভুমি অফিসের নাম | সাধারণ দাবী (টাকা) | সাধারণ আদায় (টাকা) | শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ০১ | বকশীগঞ্জ সদর | ৩২০২২১৩ | ১৩১৭৭৫ | ৪ |
| ০২ | বগারচর | ২৭৯০৩৯৫ | ৭১৬০৪ | ৩ |
| ০৩ | মেরুরচর | ২০৩৪৪৭০ | ৮৩৮৭২ | ৪ |
| ০৪ | নিলক্ষিয়া | ৮০২৮৭১ | ৩৫৭৩০ | ৪ |
| ০৫ | সাধুরপাড়া | ৭২১৬৯২ | ২৩১১৯ | ৩ |
| ০৬ | বাট্রাজোড় | ১১২৯৫১৮ | ৪২২০০ | ৪ |
| ০৭ | ধানুয়া কামালপুর | ১১২২৭২৪ | ৭৬৯৯৪ | ৭ |
| | মোট= | ১১৮০৩৮৮৩/- | ৪,৬৫,২৯৪/- | ৪ |

সংস্থার দাবী ও আদায় ঃ

| ক্রমিক নং | ইউনিয়ন ভুমি অফিসের নাম | সংস্থার দাবী | সংস্থার আদায় (টাকা) | শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ০১ | বকশীগঞ্জ সদর | ১২৭২৪৬৬/- | - | - |
| ০২ | বগারচর | ৪৭০৪০/- | - | - |
| ০৩ | মেরুরচর | ১০১৪০/- | - | - |
| ০৪ | নিলক্ষিয়া | ২০৭২৭/- | - | - |
| ০৫ | সাধুরপাড়া | ২৮১৪০/- | - | - |
| ০৬ | বাট্রাজোড় | ১০৪৮৩২/- | - | - |
| ০৭ | ধানুয়া কামালপুর | ৩৪১৯৮৩/- | - | - |
| | মোট= | ২০১১৮৭১/- | - | - |

আলোচনা-১
ভূমি উন্নয়ন করের দাবী ও আদায় বিবরণী পর্যালোচনায় দেখা যায়, ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অক্টোবর/২৩ মাসের ভূমি উন্নয়ন কর সাধারন আদায়ের পরিমান ৪,৬৫,২৯৪/-টাকা এবং সংস্থার আদায় নাই।

সিদ্ধান্ত-১
ভূমি উন্নয়ন কর আদায়ের লক্ষ্যে বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী/উপসহকারী কর্মকর্তাগণকে আদায়ের হার বাড়ানো অনুরোধ করা হলো এবং সংস্থার দাবী আদায়ের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থা বরাবরে পত্র দেওয়ার জন্য বলা হয়। বন বিভাগের সংস্থার টাকা আদায় করার জন্য বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

বাস্তবায়নে ঃ ১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ।
২। সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা।

আলোচনা -২

নামজারী ও জমাবিভাগ নিস্পত্তি সম্পর্কে আলোচনা করা হয়। এতে দেখা যায় অত্র উপজেলায় একটি নামজারি মামলাও পেন্ডিং নেই। জনস্বার্থে পেন্ডিং কেস সমূহ সঠিক ভাবে সরকারী নীতিমালার আলোকে অর্থাৎ আবেদন প্রাপ্তি হতে নিস্পত্তির জন্য ২৮ (আটাশ) দিবসের মধ্যে নিস্পত্তি করতে হবে। নামজারী কেস নিস্পত্তির ক্ষেত্রে সতর্কতার সহিত সংশ্লিষ্ট রেকর্ড/দলিলপত্র পরীক্ষা করে উপস্থিত উভয় পক্ষের বক্তব্য শুনানী গ্রহণক্রমে যথাযথভাবে আদেশ প্রদান করতে হবে। আবেদিত বিষয়ে তদন্ত প্রতিবেদন/প্রস্তাব বিলম্বে প্রেরণ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে শৃংখলাজনীত ব্যবস্থা গৃহীত হবে।

সিদ্ধান্ত-২

১। নামজারীর ক্ষেত্রে যাতে কোন জমির মালিক ভোগান্তির শিকার না হন এ বিষয়টি সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ নিশ্চিত করবেন। ২। সরকারী জমি যেন কোন অবস্থাতেই ব্যক্তি মালিকানায় নামজারী না হতে পারে, এ বিষয়টি সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ নিশ্চিত করবেন। ৩। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তাগণ কে নামজারী প্রস্তাবের ক্ষেত্রে সরেজমিনে গিয়ে মালিকানা ও দখল সংক্রান্ত বিষয় পরীক্ষা করে দেখার বিষয়ে সিদ্ধান্ত গ্রহীত হয়।

বাস্তবায়নে:

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীনগঞ্জ।
২। সকল ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা।

আলোচনা-৩

রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার বিবরনী পর্যালোচনায় দেখা যায়, অত্র বকশীগঞ্জ উপজেলার মোট কেস নং ০৬ এবং মোট দাবীর পরিমান ৫৭,৮৭৩/-টাকা। চলতি মাসে দায়ের ০২ টি এবং চলতি মাসে নিস্পত্তি ০২ টি। অবশিষ্ট দায়েরকৃত রেন্ট সার্টিফিকেট মোকদ্দমার খাত কর্তৃক যদি মোকদ্দমাভূক্ত ভূমির সাকুল্য পাওনা প্রদানে সমর্থ না হয় তবে আংশিক আদায় করে থাকলে উহার আংশিক আদায় প্রতিবেদন সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তাগণ মোকদ্দমায় ধার্য তারিখের পূর্বেই প্রতিবেদন দাখিল করবেন। অবশিষ্ট সরকারী প্রাপ্য পরবর্তী নির্ধারিত তারিখের মধ্যেই আদায় যোগ্য। এভাবে ধারাবাহিকতা বজায় রেখে মোকদ্দমা নিস্পত্তি সম্পন্ন করতে হবে। পেন্ডিং কেস সমূহের দ্রুত নিস্পত্তির কার্যক্রম গ্রহন করার জন্য সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ কে পরামর্শ দেয়া গেল।

সিদ্ধান্ত-৩

১। তিন বছরের বকেয়া দাবী আদায় ইস্তাহার জারীপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করে প্রতিবেদন দিতে সহকারী কমিশনার (ভূমি) কে বলা হলো। ২। প্রত্যেক ইউনিয়ন ভূমি অফিসকে রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা দায়ের ও নিস্পত্তির জন্য বলা হয়।

বাস্তবায়নে:

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ।
২। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা
৩। সংশ্লিষ্ট অফিস সহকারী।

আলোচনা-৪

সহকারী কমিশনার(ভূমি), বকশীগঞ্জে আদালতে অক্টোবর/২৩ মাসে ০২ টি মিস মোকদ্দমা দায়ের হয়েছে। অক্টোবর/২৩ মাসে ১২ টি মোকদ্দমা নিস্পত্তি হয়েছে। পুরাতন মিস মোকদ্দমার নোটিশ করতে হবে। কমপক্ষে তিনটি নোটিশ করতে হবে। অনিস্পন্ন ৮৪ টি মামলা দ্রুত নিস্পত্তি করার লক্ষে ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তাগণ ও সার্ভেয়ারকে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-৪

১। অনিস্পন্ন মোকদ্দমাগুলো দ্রুত নিস্পত্তি করতে সহকারী কমিশনার (ভূমি) কে বলা হয়।
২। মোকদ্দমায় তদন্ত রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করার জন্য সকল ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা ও সার্ভেয়ারকে নির্দেশ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ।
২। সার্ভেয়ার এবং ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল)।

আলোচনা-৫

কৃষি ও অকৃষি খাস জমির বিবরণী পর্যালোচনায় দেখা যায়, অত্র উপজেলায় কৃষি খাস জমির পরিমান ২৫৪৪.১৬৩৩ একর এবং অকৃষি খাস জমির পরিমান ১৯২৩.০২ একর। এ যাবৎ কৃষি খাস জমির বন্দোবস্ত দেয়া হয়েছে ১১৫২.৩০০৭ একর এবং অকৃষি খাস জমির বন্দোবস্ত দেয়া হয়েছে ২০৬২.৯৫৯৮ একর। উপকৃত পরিবারের সংখ্যা ১৬৩৪ জন। অবশিষ্ট বন্দোবস্তযোগ্য জমির পরিমান কৃষি ১৩৭৯.৫৬৫১ একর এবং অকৃষি ৮৮.৫৭১ একর। উল্লেখ্য যে উক্ত মাসে বকশীগঞ্জ উপজেলার ০৭ (সাত) টি ইউনিয়ন ভূমি অফিস হতে কোন কৃষিখাস জমির প্রস্তাব পাওয়া যায়নি বিধায় নথি সৃজন করা সম্ভব হয়নি। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাদের তার স্ব স্ব ইউনিয়নের ব্যাপক প্রচারের জন্য বলা হলো। ভূমি পর্যায়ক্রমে সরকারি সর্বশেষ কৃষি খাস জমি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা নীতিমালা, ১৯৯৭ এর আলোকে ভূমিহীন কৃষক পরিবারের নামে বন্দোবস্ত দেয়ার ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ কে পরামর্শ দেয়া হয়।

**সিদ্ধান্ত-৫**

১.কৃষি খাস জমি বন্দোবস্তের জন্য প্রকৃত ভূমিহীন কৃষক পরিবার হতে আবেদন পাওয়া গেলে সেগুলো সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তাগণ তদন্ত করে অবিলম্বে প্রতিবেদন দিবেন এবং অত্রাফিসের সার্ভেয়ার কর্তৃক স্কেচম্যাপ প্রস্তুত করে উপজেলা কৃষি খাস জমি বন্দোবস্ত ও ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করবেন ।

২. ইতোপূর্বে প্রদত্ত বন্দোবস্তকৃত ভূমির বন্দোবস্ত গ্রহীতার অনুকূলে কবুলিয়ত সম্পাদিত না হয়ে থাকলে দ্রুত নিস্পত্তি করতে হবে।

৩. বকশীগঞ্জ উপজেলায় অবস্থিত বাজারসমূহে অকৃষি খাস ভূমিতে অবৈধ স্থাপনা থাকলে তার তালিকা প্রস্তুত করে প্রযোজ্য ক্ষেত্রে উচ্ছেদ এবং সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে লাইসেন্স দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে ১০০% সরেজমিন তদন্তপুর্বক প্রতিবেদনের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ**

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ ।

২। সার্ভেয়ার এবং সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা।

**আলোচনা -৬**

অত্র বকশীগঞ্জ উপজেলায় অবস্থিত আবাসন/আশ্রয়ন ও গুচ্ছগ্রামের হালনাগাদ তথ্যের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রদত্ত বন্দোবস্ত গ্রহীতার অনুকূলে কবুলিয়ত সম্পাদন হয়েছে কিনা তা সরেজমিনে তদন্ত করে সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা কর্তৃক সার সংক্ষেপ প্রস্তুত আবশ্যক মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**সিদ্ধান্ত -৬**

১। আবাসন/আশ্রয়ন, আদর্শগ্রাম ও গুচ্ছগ্রাম প্রকল্পের খালি ঘরের প্রতিবেদন ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তাগন কে এক সপ্তাহের মধ্যেই দিতে বলা হয়। খালি ঘরের আবেদনগুলোর শুনানী উপজেলা নির্বাহী অফিসার নিজে সম্পন্ন করে তারপর ব্যবস্থা গ্রহণ করবেন।

**বাস্তবায়নে ঃ**

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ।

২। সার্ভেয়ার, সকল ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ও সংশ্লিষ্ট অফিস সহকারী।

**আলোচনা-৭**

অত্র বকশিগঞ্জ উপজেলায় অর্পিত সম্পত্তির মোট জমির পরিমান ৭৬.৬৬ একর একর। তন্মধ্যে লীজকৃত তথা "ক" তফসিল ভূক্ত সম্পত্তির পরিমান ৭৬.৬৬ একর।

**সিদ্ধান্ত-৭**

২০২৩-২০২৪ অর্থ বৎসরে অর্পিত সম্পত্তির দাবী মোট ১১,০১,৮৬৭/- টাকা। অক্টোবর/২৩ মাসের আদায় ৪০,৪১৬/- টাকা। ২৩-২৪ অর্থবছরে সর্বমোট আদায় ১,৭০,৩৩৮/- টাকা। ইজারা গ্রহীতা ইজারা নবায়নের অনীহা প্রকাশ করলে তাদের ইজারা বাতিল করে নতুন করে আগ্রহী প্রার্থীদের অনুকূলে ইজারা দেয়ার ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে ঃ**

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ।

২। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা ও সংশ্লিষ্ট অফিস সহকারী।

**আলোচ্য বিষয়ঃ ৮- সায়রাত মহলের তথ্যঃ**

**হাট-বাজার**

| ক্রঃ নং | হাট/ বাজারের নাম | ইউনিয়নের নাম | চান্দিনাভিটির লিজ কার্যক্রম | ১৪৩০ সনে ইজারা হয়েছে কি না | ইজারাকৃত টাকার পরিমাণ | ৫% টাকা ( ৭) ভূমি রাজস্ব ১৪৩০ সনের |
|---|---|---|---|---|---|---|
| ১ | বকশীগঞ্জ হাট/বাজার | বকশীগঞ্জ পৌরসভার | - | হ্যাঁ | | |
| ২ | নিলক্ষীয়া বাজার | নিলক্ষীয়া | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ৩ | সারমারা বাজার | বগারচর | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ৪ | ধানুয়া কামালপুর বাজার | ধানুয়া কামালপুর | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ৫ | জিন্নাহ বাজার | বাট্রাজোড় | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ৬ | সূর্য্যনগর হাট/বাজার | বকশীগঞ্জ সদর | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | খাস আদায় চলমান | | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৭ | লাউচাপড়া বাজার | ধানুয়া কামালপুর | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ৮ | খেয়ার চর বাজার | মেরুর চর | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | খাস আদায় চলমান | | |
| ৯ | বাট্রাজোড় নতুন বাজার | বাট্রাজোড় | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ১০ | দাসের হাট | সাধুর পাড়া | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |
| ১১ | ডেরুর বিল আর্চ্চাকান্দি | সাধুর পাড়া | চান্দিনাভিটির ইজারা কার্যক্রম চলমান আছে | হ্যাঁ | | |

<u>জলমহালের তথ্য</u>

| ক্রঃ নং | ২০ একর পর্যন্ত মোট জলমহালের সংখ্যা | ২০ একরের উর্দ্ধে মোট জলমহালের সংখ্যা | জলমহালের নাম , অবস্থান ও আয়তন (একর পর্যন্ত ২০) | জলমহালের নাম , অবস্থান ও আয়তন (একরের উর্দ্ধে ২০) | ইজারার মেয়াদ | জলমহাল নিয়ে মামলা মোকদ্দমা থাকলে তার তথ্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ১৩ |
| ০১. | ০১ | ০২ | সান্ধ্যে বিল পুকুর (বদ্ধ) নিলক্ষীয় ইউনিয়ন ৩.৫৪ একর | | ১৪২৯-১৪৩১ পর্যন্ত | - | |
| ০২. | | | - | কূর্ফা/কুকরা বিল (বদ্ধ) নিলক্ষীয়া ইউনিয়ন ৩৮.৬২ একর | ইজারা হয়েছে। | - | - |
| ০৩. | | | - | <u>সিংগীডোবা জলমহাল (বদ্ধ) সাধুরপাড়া ইউনিয়ন ১১৮.৭৫ একর</u> | ইজারা হয়েছে। | | |

**সিদ্ধান্ত-৭**

উচ্ছেদ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে (বাট্রাজোড় জিন্নাহ বাজারের পুকুর) এবং বালুমহাল এর বিষয়ে পদক্ষেপ নিতে হবে।

**<u>বাস্তবায়নে ঃ</u>**

১। সহকারী কমিশনার (ভূমি), বকশীগঞ্জ।
২। সংশ্লিষ্ট ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী কর্মকর্তা।

পরিশেষে সভাপতি সরকারি সম্পত্তি রক্ষায় সবাইকে সচেতন থাকার আহ্বান জানান।

অতপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

অহনা জিন্নাত
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা রাজস্ব কমিটি
বকশীগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৩১.৪৫.৩৯০৭.০০০.০০.০০০.২১- ৩১১(ক)

তারিখঃ২৯/১০/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), জামালপুর।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর।
৪। ......................................উপজেলা ভূমি অফিস,বকশীগঞ্জ, জামালপুর।
৫। ইউনিয়ন ভূমি সহকারী/উপ-সহকারী কর্মকর্তা, ......................................ইউনিয়ন ভূমি অফিস, বকশীগঞ্জ, জামালপুর।
৬। সংশ্লিষ্ট নথি।

২৯/১০/২৩

মোঃ আতাউর রাব্বী
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা রাজস্ব কমিটি
বকশীগঞ্জ, জামালপুর